

জাবিতে শুরু হয়েছে আমৃত্যু গণ-অনশন

পোষ্য কোটা বাতিলের দাবি

জাবি প্রতিনিধি

০৩ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



জাবির প্রশাসনিক ভবনের সামনে গতকাল গণ-অনশনে শিক্ষার্থীরা -আমাদের সময়

ভর্তি পরীক্ষায় পোষ্য কোটা সম্পূর্ণ বাতিলের দাবিতে আমৃত্যু গণ-অনশনে বসেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীরা। রবিবার (২ ফেব্রুয়ারি) বেলা ১১টা থেকে বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবনের সামনে এ কর্মসূচি শুরু করেন তারা। দাবি আদায় না হওয়া পর্যন্ত কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণাও দিয়েছেন অনশনকারীরা।

UNIBOTS

সন্ধ্যা সাড়ে ৬টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত ৯ জন শিক্ষার্থী অনশন পালন করছেন। তারা হলেন- নৃবিজ্ঞান বিভাগের ৫০তম ব্যাচের নাজমুল ইসলাম লিমন, সরকার ও রাজনীতি বিভাগের ৪৯তম ব্যাচের নাহিদ হোসেন ইমন, মার্কেটিং বিভাগের ৫০তম ব্যাচের মোহাম্মদ রায়হান, গণিত বিভাগের ৫০তম ব্যাচের গালিব হোসেন, ম্যানেজমেন্ট বিভাগের

৫১তম ব্যাচের নাদিয়া রহমান অন্বেষা, ইংরেজি বিভাগের ৫৩তম ব্যাচের মোহাম্মদ আলী চিশতি, ম্যানেজমেন্ট বিভাগের ৫১তম ব্যাচের মেহরাব তূর্য, আইন ও বিচার বিভাগের ৫১তম ব্যাচের জাইবা জাফরিন এবং ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের ৪৮তম ব্যাচের শিক্ষার্থী মুয়িদ মুহম্মদ ফাহিম।

তবে এখন পর্যন্ত বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে তাদের সঙ্গে কোনো রকম যোগাযোগ করা হয়নি বলে জানিয়েছেন অনশনকারীরা।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন জাবি শাখার যুগ্ম সদস্য সচিব নাহিদ হাসান বলেন, চক্কিশের গণ-অভ্যুত্থানে আমাদের প্রাণের দাবি ছিল মেধা দিয়েই আমাদের মূল্য যাচাই হবে, কোনো কোটা দিয়ে নয়। অভ্যুত্থানপরবর্তী সময়ে এমন অযৌক্তিক কোটা পদ্ধতি জাবিতে বিদ্যমান থাকা আমাদের জন্য লজ্জার। অযৌক্তিক পোষ্য কোটা বাতিল না হওয়া পর্যন্ত আমাদের কর্মসূচি চলবে।

এদিকে পোষ্যদের ভর্তির ব্যাপারে নতুন করে কোনো ধরনের ব্যবস্থা গ্রহণ করলে ২৪ ঘণ্টার নোটিশে মানববন্ধন, লাগাতার কর্মবিরতি এবং ভর্তি পরীক্ষার কার্যক্রমসহ সব কার্যক্রম বর্জনের ঘোষণা দিয়েছে কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদ।